

সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)

“Sustainable Coastal and Marine Fisheries Project (SCMFP), Component-3” এর আওতায়
ক্লাস্টার ফ্যাসিলিটের পদের দায়িত্ব ও কর্তব্য

ক্লাস্টার ফ্যাসিলিটের পদটি “Sustainable Coastal and Marine Fisheries Project (SCMFP), Component-3” এর কার্যক্রম বাস্তবায়নে মাঠ পর্যায়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ। এ পদে দায়িত্বপ্রাপ্ত কর্মীকে সরাসরি মৎসজীবি পরিবারসমূহ গ্রামের অতিদরিদ্র এবং দরিদ্র মৎসজীবি সদস্যদের সাথে প্রকল্পভুক্ত কর্মকাণ্ড বাস্তবায়নে নিবিড়ভাবে সহায়তা প্রদান করতে হবে। বর্ণিত প্রকল্পের মাঠ পর্যায়ের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে ক্লাস্টার ফ্যাসিলিটেরকে গ্রাম পর্যায়ে দরিদ্র ও অতিদরিদ্র মৎসজীবি জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি চালিত উন্নয়ন প্রক্রিয়ায় (সিডিডি) প্রকল্প কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে সার্বক্ষণিক সহায়তা প্রদান করতে হবে।

১. দায়িত্ব ও কর্তব্য:

- গ্রাম পর্যায়ে অতিদরিদ্র এবং দরিদ্র শ্রেণীর মৎসজীবি জনগোষ্ঠীর জন্য টেকসই গ্রাম সংগঠন প্রতিষ্ঠা করা;
- কমিউনিটি অপারেশনাল ম্যানুয়াল (কম বুকলেট) অনুযায়ী প্রকল্পভুক্ত গ্রামের মৎসজীবি অতিদরিদ্র এবং দরিদ্র জনগোষ্ঠীকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে যাতে তারা প্রকল্প সুবিধা গ্রহণে সমর্থ হয়;
- গ্রাম পর্যায়ের বিভিন্ন সংগঠন ও কমিটি যেমন- মৎসজীবি গ্রুপ, মৎসজীবি গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (ভিসিও), সোশ্যাল অডিট কমিটি(স্যাক) এবং মৎসজীবি গ্রাম পরিষদ ইত্যাদি কমিটিগুলোর সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে প্রকল্প নিয়ম অনুযায়ী প্রশিক্ষণের ব্যবস্থা করা বা পদক্ষপ গ্রহণ করা;
- মৎসজীবি গ্রুপ, মৎসজীবি গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (ভিসিও), সোশ্যাল অডিট কমিটি (স্যাক) এবং মৎসজীবি গ্রাম পরিষদ ইত্যাদি কমিটিগুলোর নিয়মিত সভা অনুষ্ঠানে সহায়তা প্রদান করা এবং উপস্থিত থাকা;
- গ্রাম পর্যায়ের মৎসজীবি সংগঠন ও কমিটি যেমন- মৎসজীবি গ্রুপ, মৎসজীবি গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন (ভিসিও), সোশ্যাল অডিট কমিটি(স্যাক) এবং মৎসজীবি গ্রাম পরিষদ ইত্যাদি কমিটিগুলোর বিভিন্ন ধরনের ডকুমেন্টস, রেজিস্টার, খাতাপত্র হালনাগাদ রাখতে এবং সংরক্ষণ করতে সহায়তা প্রদান করা;
- গ্রাম পর্যায়ে মৎসজীবি কমিউনিটি কর্তৃক পরিচালিত সঞ্চয় ও ঋণ কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করা;
- মৎসজীবি গ্রুপের সদস্যদের বিকল্প আয়বর্ধনমূলক কর্মকাণ্ড (আইজিএ) পরিচালনার ক্ষেত্রে দক্ষতা উন্নয়ন এবং ঋণ গ্রহণ করে সঠিকভাবে পরিচালনায় সহায়তা প্রদান করা;
- মৎসজীবি পরিবারের বেকার যুব এবং সদস্যদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ গ্রহণ এবং কর্মসংস্থান পেতে সহায়তা করা;
- ঝুঁকিগ্রস্থ এবং অসহায়দের জন্য সঠিক আজিএ নির্বাচন করে তা বাস্তবায়নে সহায়তা করা;
- প্রকল্প হতে বিভিন্ন ধরনের তহবিল গ্রহণের ক্ষেত্রে মৎসজীবি কমিউনিটিকে প্রয়োজনীয় সহায়তা করা;

- নিয়মিতভাবে গ্রাম পর্যায়ের অগ্রগতি প্রতিবেদন ভিলেজ ম্যাদ্রিস পূরণের মাধ্যমে প্রস্তুত করতে মৎসজীবী গ্রাম সমিতিকে সহায়তা প্রদান করা;
- মাঠ পর্যায়ে কর্মরত এ প্রকল্পের অর্ন্তভুক্ত মৎস অধিদপ্তরের কর্মী/ কর্মকর্তার সাথে প্রয়োজন মোতাবেক সহযোগিতা গ্রহণ/প্রদান এবং সমন্বয় করে কর্মকাণ্ড পরিচালনা করা;
- বিভিন্ন প্রতিষ্ঠান এবং সংস্থার সাথে সংযোগ স্থাপনে গ্রাম সমিতি, ভিলেজ ক্রেডিট অর্গানাইজেশন(ভিসিও) ইত্যাদিকে সহায়তা করা;
- ক্লাস্টার পর্যায়ে মৎসজীবী ফেডারেশন গঠনে সহায়তা প্রদান করা;
- নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে দাখিল করা;
- কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্য যে কোন দায়িত্ব পালন করা।

২. শির্বাগত যোগ্যতা:

- কমপক্ষে সমাজ বিজ্ঞান বা যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রী।

৩. অভিজ্ঞতা:

- নিম্নলিখিত কাজসমূহে কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে:
 - ✓ কমিউনিটি চালিত উন্নয়ন কৌশল (সিডিডি) সম্পর্কে বাস্তব অভিজ্ঞতাসহ গ্রাম পর্যায়ে দরিদ্র, অতিদরিদ্র, সহায় সম্বলহীন এবং বেকার যুবদের উদ্ভুদ্ধকরণ;
 - ✓ অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠী চিহ্নিতকরণ, গ্রুপ গঠন, বিভিন্ন ধরনের সংগঠন ও কমিটি গঠন, সক্ষমতা বৃদ্ধি বিষয়ক প্রশিক্ষণ;
 - ✓ উপকূলীয় এলাকায় মৎসজীবী পরিবারের সাথে কাজ করার অগ্রহ থাকতে হবে।
 - ✓ বেকার যুবদের টেকসই দক্ষতা উন্নয়ন কর্মকাণ্ডসহ কর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা করা;
 - ✓ কমিউনিটি কর্তৃক পরিচালিত ঋণ কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন ইত্যাদি।

৪. বয়স:

- পত্রিকার বিজ্ঞপ্তি মোতাবেক দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে সর্বোচ্চ বয়স ৪০ বছর।